



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২১৮

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

বিষয়: বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) অধীনে চট্টগ্রাম বন্দর/কন্টেইনার ডিপো হতে ২৪৫০ মে.টন গমের চলাচল সূচি।

- সূত্র: ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৪/০৪/২০১৯ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.৪০২.৫০.০০৪.১৮.১৭৩০ নং স্মারক।
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর ২৫/০৪/২০১৯ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.২১২.৫০.০০৩.১৮-১৫৭০ নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) অধীনে ২৪৫০ মে.টন গম বিভিন্ন শিপমেন্ট এর মাধ্যমে চট্টগ্রাম বন্দরে আগমন করবে। আগত গমের বি/এলভিত্তিক পরিমাণ ২৩৭৫.৮৪২ মে.টন। বিভিন্ন ডিপো হতে বি/এল এ উল্লিখিত গম খাদ্য বিভাগের বিভিন্ন এলএসডি/সিএসডিতে প্রেরণ করা হবে বিধায় খালাসকালীন জটিলতা এড়াতে প্রকৃত আগত পরিমাণের অতিরিক্ত সূচি চট্টগ্রাম বন্দর/কন্টেইনার ডিপো হতে গমের সূচি জারির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ ১নং স্মারকে অনুরোধ করা হয়েছে। বিশ্ব খাদ্য কর্মসূচির (WFP) অধীনে চট্টগ্রাম বন্দরে আগত/আগতব্য ২৪৫০ মে.টন গমবাহী জাহাজ/কন্টেইনার খালাসের নিমিত্তে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম কর্তৃক সূত্রস্থ ২নং স্মারকে গমের চাহিদা প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে বিশ্ব খাদ্য কর্মসূচি (WFP) অধীনে চট্টগ্রাম চট্টগ্রাম বন্দর/কন্টেইনার ডিপো হতে ২৪৫০ মে.টন গমের চলাচল সূচি নির্দেশক্রমে জারি করা হলো।

সড়ক পথে গমের চলাচল সূচি:

ক্রঃ নং	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মেঃটন)	মাধ্যম	পণ্য	মন্তব্য
১.	চট্টগ্রাম বন্দর/ কন্টেইনার ডিপো	চট্টগ্রাম	হালিশহর সিএসডি	২৪৫০	সড়ক	গম	চসনি চট্টগ্রাম উপ-সূচি জারি করবেন।
			মোট =	২৪৫০			

পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলি:

- ১। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক প্রেরক হিসাবে কার্য সম্পাদন করবেন ;
- ২। এটি উন্নত মানের গম বিধায় মজুতকালীন সময়ে বিশেষ যত্ন নিতে হবে এবং গম রক্ষণাবেক্ষণের জন্য (WFP)

কর্তৃক পরামর্শ মেনে চলতে হবে;

৩। WFP কর্মকর্তাদের পরিদর্শনের ব্যবস্থা রাখতে হবে এবং (WFP) কর্তৃপক্ষ তাদের নিজ খরচে এই খাদ্যশস্য উত্তোলন ও পরিবহণ করবেন।

৪। বিভিন্ন কেন্দ্রে প্রেরণের ক্ষেত্রে (এলএসডি/সিএসডি/অন্যান্য স্থাপনা) সকল পরিবহণ ও হ্যান্ডলিং খরচ (WFP) বহন করবে।

৫। প্রেরক ও প্রাপক কেন্দ্রের সংশ্লিষ্ট সাইলো অধীক্ষক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/ব্যবস্থাপক/উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (প্রয়োজ্য ক্ষেত্রে) গম পরিবহণ, বোঝাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম/সমস্যা উদ্ভব হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং ত্বরিত নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে অবহিত করবেন;

৬। সূচির আওতায় জীবিত কীট আক্রান্ত ও নিম্নমানের কোন খাদ্যশস্য প্রেরণ করা যাবে না;

৭। খাদ্যশস্য প্রেরণ ও প্রাপ্তি বিষয়ে প্রেরণ কেন্দ্রের নিয়ন্ত্রণকারী কর্মকর্তা ভি-ইনভয়েস মনিটরিং করবেন। প্রাপ্তি ইনভয়েস যথাসময়ে ফেরত পাঠাতে হবে এবং এ বিষয়ে আখানি, জেখানি, সাইলো অধীক্ষক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ সজাগ দৃষ্টি রাখবেন। উল্লেখ্য যে, সূচির আওতায় প্রেরিত খাদ্যশস্য প্রাপক কেন্দ্র কর্তৃক প্রাপ্ত হলে ইনভয়েস ফেরত বিলম্বিত হওয়ার কারণেই পরিবাহিত খাদ্যশস্য পথকাতে প্রদর্শন করা যাবে না;

৮। ভি-ইনভয়েসে গমের গুণগতমান ও ধরন সম্পর্কে সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে;

৯। সূচির মেয়াদ শেষ হওয়ার পরই প্রেরক কেন্দ্র থেকে ঠিকাদারভিত্তিক প্রেরণ বিবরণী প্রস্তুতপূর্বক ফ্যাক্স/ই-মেইল যোগে অধিদপ্তরে চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগে প্রেরণ করতে হবে;


১০। প্রেরিত নমুনা অনুযায়ী প্রাপকগণ খাদ্যশস্য বুঝে নিবেন এবং সূচি ঠিকাদারভিত্তিক প্রাপ্তি বিবরণী (জেলা খাদ্য নিয়ন্ত্রক প্রতিস্বাক্ষরিত) ফ্যাক্সযোগে অধিদপ্তরে প্রেরণ করবেন;

১১। এ সূচি আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ অফিসিয়াল ফেসবুক পেজ/ওয়েবসাইটে আপলোড করার পাশাপাশি সংশ্লিষ্ট অধীনস্থ জেলা খাদ্য নিয়ন্ত্রক ও ব্যবস্থাপক/এসএন্ডএমও/ভারপ্রাপ্ত কর্মকর্তাগণকে অনুলিপি দিয়ে অবহিত করবেন;

১২। সূচির মেয়াদ আগামী ০৯/০৫/২০১৯ খ্রিঃ তারিখ পর্যন্ত বলবৎ থাকবে;

১৩। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।



৩০-৪-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক

ফোন: +৮৮-০২-৯৫৫১৪২৮

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক(খাদ্য)

চট্টগ্রাম।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৪.১৭.২১৮/১(৮)

তারিখ: ১৭ বৈশাখ ১৪২৬

৩০ এপ্রিল ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:


- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। (খাদ্য অধিদপ্তরের

ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)

৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ

৭) জেলা খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম।

৮) ব্যবস্থাপক, হালিশহর সিএসডি, চট্টগ্রাম।



৩০-৪-২০১৯

মোঃ সেলিমুল আজম

উপ-পরিচালক